



নির্বাচনে নারীর নিরাপত্তা ও অংশগ্রহণে জাতিসংঘের আহ্বান



জাতিসংঘের লগো। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে নারীদের নিরাপদ ও কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার আহ্বান জানিয়েছে জাতিসংঘ। ঢাকায় আবাসিক সমন্বয়কারীর কার্যালয় থেকে দেওয়া এক বিবৃতিতে বলা হয়, নির্বাচনে নিরাপদ ও অর্থবহ অংশগ্রহণ সবার অধিকার এর মধ্যে নারী, প্রতিবন্ধী নারী, সংখ্যালঘু নারী এবং ভিন্ন লিঙ্গ পরিচয়ের মানুষও অন্তর্ভুক্ত।

রাজনৈতিক নেতা, দল ও সমর্থকদের প্রতি আহ্বান জানিয়ে বলা হয়েছে, নারী প্রার্থী ও ভোটারদের বিরুদ্ধে কোনো ধরনের ভয়ভীতি, হয়রানি বা সহিংসতা বরদাশত করা যাবে না। তাদের নিরাপত্তা নিশ্চিত করা একটি অন্তর্ভুক্তিমূলক গণতান্ত্রিক পরিবেশের শর্ত।

সাইবার বুলিং, ডিপফেক, ছবি বিকৃত করে অপপ্রচার এবং এইআইভিভিকি অপব্যবহার দিয়ে নারীদের হেনস্থার আশঙ্কার কথাও বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। নির্বাচনী সহিংসতা গণতন্ত্রের জন্য হুমকি—এ সতর্কবার্তাও দিয়েছে জাতিসংঘ।।

আইনশৃঙ্খলা ও নাগরিক অধিকার রক্ষায় কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপের প্রত্যাশা জানিয়ে প্রয়োজনীয় সহায়তায় পাশে থাকার কথা জানিয়েছে।